

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির জানুয়ারি/২০২২ মাসের সভার কার্যবিবরণী ।

সভাপতি : জনাব মো: আনোয়ার ফারুক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড়।  
স্থান : উপজেলা চেয়ারম্যান কার্যালয়, রামগড়।  
তারিখ ও সময় : ০৬/০১/২০২২ খ্রিঃ, সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (প্রদত্ত স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	উপজেলা সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন, উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রনয়ন করা হয়। উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন খাতে সম্ভাব্য বাজেট নির্ধারণ, বাজেট বিধিমালা মতে ২০২০-২১ অর্থ বছরের প্রকৃত ব্যয় ও ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট আলোচনা করা হয়। সভায় ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন খাতে সম্ভাব্য বাজেট আলোচনায় জানানো হয় যে, মূলত উপজেলা পরিষদের সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বাড়ি ভাড়া ব্যতীত রাজস্ব তহবিলে কোন আয় নেই। উপজেলা পরিষদের রাজস্ব আদায়ের লক্ষ্যে কয়েকটি খাতে কর আরোপ/ফিস আদায়ের সুযোগ থাকলেও তা বর্তমান অবস্থার নিরিখে সম্ভব নয় মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। সভায় ২০২২-২৩ অর্থ বছরের বাজেট নির্ধারণে বিস্তারিত আলোচনা ক্রমে ৮৪,৯৯,০০০/-টাকার রাজস্ব বাজেট ও ১,৮০,৮৪,০০০/- টাকার সম্ভাব্য উন্নয়ন বাজেট নির্ধারণ করা হয়।	১। ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব খাতে সম্ভাব্য ৮৪,৯৯,০০০/-টাকার রাজস্ব বাজেট ও ১,৮০,৮৪,০০০/-টাকার সম্ভাব্য উন্নয়ন বাজেট নির্ধারণ পূর্বক বাজেট প্রনয়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত উন্নয়ন খাতে অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মতে বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ , রামগড়

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো: আনোয়ার ফারুক)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি।

রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

তারিখঃ ০৬/০১/২০২২ খ্রিঃ।

স্মারক নং-উজেপ/রাম/২০২২-

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো

০১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৩। চেয়ারম্যান, রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৫। মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, রামগড় খাগড়াছড়ি পার্বত্য জেলা।



উপজেলা সমবায় কর্মকর্তা






ও

সদস্য সচিব

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি

রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার নাম : অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক কমিটির জানুয়ারি/২০২২ মাসের সভা।  
সভাপতি : মো: আনোয়ার ফারুক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড়  
স্থান : উপজেলা চেয়ারম্যান কার্যালয়, রামগড়।  
তারিখ ও সময় : ০৬/০১/২০২২ খ্রি: সকাল ১০:৩০ ঘটিকা

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মো: আনোয়ার ফারুক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড়	সভাপতি	
০২	মিসেস হাছিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড়	সদস্য	
০৩	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামগড়	সদস্য	
০৪	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রামগড়	সদস্য	
০৫	উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগড়	সদস্য	
০৬	উপজেলা সমবায় কর্মকর্তা, রামগড়	সদস্য সচিব	